সম্পাদকীয় Editorial

পায়ে পায়ে পেরিয়ে এলাম আরও একটি ইংরেজী বছর। বিগত বছরের স্মৃতি স্মরণে এলে মনটা ভ'রে ওঠে এক অব্যক্ত, নির্বাক বেদনায়। মানুষে মানুষে হানাহানি, হিংসার বদলে প্রতিহিংসা, শঠতার বিনিময়ে শঠতা—এ যেন এক "হিংসায় উন্মন্ত পৃথিবী"। আমরা এসে দাঁড়িয়েছি এক অন্ধকারময়, প্রতিকারহীন অতলান্ত খাদের কিনারায়।

যুগে যুগে এই মানবিক অবক্ষয়ের মুখোমুখি দাঁড়িয়ে যখন মানব সমাজ হারাতে বসে তার সকল মূল্যবোধ ও সততার প্রতি প্রতায়, তখনই মহাত্মারা ধরাতলে অবতীর্ণ হয়ে আমাদের চেতনার পূর্ণ উত্তরণ ঘটান এক মহৎ পরিমন্ডলে যাহা সর্বদা মানবিকতার আলোকে উদ্ভাসিত। এই বেদনার্ত যুগসদ্ধিক্ষণে দাঁড়িয়ে আমরা প্রদাবনত চিত্তে স্মরণ করি ভগবান শ্রীশ্রীগৌতমবুদ্ধ ও শ্রীশ্রীটৈতন্য মহাপ্রভুকে যাঁরা তাঁদের সমগ্র জীবন নিবেদন করেছিলেন মানবজীবনের গ্লানি বিদুরিত করতে তাঁদের করুণাময় করম্পর্শে, মঙ্গলময় বাণীতে, মাধুর্য্যময় অনুকরণীয় জীবনবোধের মাধ্যমে।

ভর্গজ্যোতির এই সংখ্যাটি আমরা উৎসর্গ করেছি শ্রীমৎ মহাপ্রভুর শ্রীচরণ কমলে যাঁর সন্মাস গ্রহণের পঞ্চশতবার্ষিকী সমারোহ আপাম ভারতবাসী উৎযাপন করতে চলেছে এই বৎসরান্তে। মহাপ্রভুর ঈশ্বরীয় প্রেম ও মাধুর্য্যের আদর্শ এই যুগসিদ্ধিক্ষণে আমাদের ভ্রাতৃত্ববোধ ও মানবপ্রেমের বন্ধন সুদৃঢ় করুক—এই কামনা করি। তৎসহ আমাদের পরম পূজনীয় শ্রীশ্রীমায়ের চরণে অর্ঘ্য নিবেদন ক'রে আমরা কামনা করি ''মা! আমাদের মনের অন্ধকার দূর কর, মাধুর্যলোকে আমাদের উত্তরণ কর আমাদের মানুষ কর।"

মকরসংক্রান্তির পূর্ণ্য লগ্নে মহাবতার শ্রীশ্রীনাঙ্গাবাবার জন্মতিথি উপলক্ষ্যে ভর্গজ্যোতির তৃতীয় আত্মপ্রকাশ, পূর্ণ্যসলিলা গঙ্গার ন্যায়, আমাদের অন্তর্লোকে মানবিকতা ও প্রেমের আদর্শে সুস্নাত করুক—এই কামনা করি।

* * *

Another year has traced its journey into history. As we look back on the train of events in the last year, we are overcome with a feeling of abject, inexpressible despair. Tooth for tooth, jealousy against jealousy, deceit to counter deceit—it is, as it were, the order of the day. The humanity is helpless to stand as mute witness to an unfathomable dungeon of degradation.

As the world has seen many times in the past, whenever the humanity is faced with such turbulent decay and the mankind tends to shed its human values and loses conviction on truth, saints and savants descend on our earth to reinstate our minds in the upper echelons of humanity where virtue is the cardinal rule.

Standing amidst the ruins of the present decadent times, let us bow our heads in supreme reverence to the life and teachings of Sri Sri Gautama Buddha and Sri Sri Chaitanyadeva who dedicated their entire lives, through their divine deeds and enlightening teachings, to unbridle the mankind from the shackles of depravity.

Rightfully, we have dedicated this edition of our journal to the fond remembrance of Sri Sri Chaitanya Mahaprabhu whose fifth centenary celebrations of embracement of "sanyasa" is going to be celebrated in many parts of India towards this year end. Let us pray to the Almighty that the ideology of overbearing love and compassion of Sri Sri Mahaprabhu may serve us as a beacon to restore fraternity and empathy in our mind. In conjunction, let us fold our hands and implore our reverent Mother "Holy Mother! Shed light on our hapless souls, instill faith in our dark minds, deliver us from the abyss of depravity to the pinnacle of humanity".

Let the emergence of the third edition of "Bhargajyoti" on the auspicious occasion of "Makar Sankranti" and holy birthday of Sri Sri Nanga Baba be the vanguard of ensuing deliverance of our minds into the glow of humanity.

সংকীর্ত্তনানন্দে পার্ষদ সঙ্গে মহাপ্রভ



পূর্ণ প্রেমই অখণ্ড জ্ঞান। —প্রভ জগদন্ধ